ওয়েবে প্রকাশের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
শেরেবাংলানগর, ঢাকা।

নং-২০.০০.০০০০.৩০৯.০৬.২৫২.১৪-

তারিখঃ ...এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ
...বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ

বিষয়: ২০১৭-১৮ অর্থ-বছরে গবেষণা মঞ্জুরি প্রদানের লক্ষ্যে গবেষণা প্রস্তাবনা আহবান।

বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি জ্ঞানভিত্তিক ও প্রযুক্তিচালিত মধ্যম আয়ের দেশে উন্নীত করার প্রত্যয়ে সরকারের জনকেন্দ্রিক রূপকল্প ২০২১ বাস্তবায়নের জন্য সুদূরপ্রসারী ও অগ্রগামী পরিকল্পনা ছক **'সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০১৫/১৬-২০১৯/২০'** প্রণীত হয়েছে। এ পরিকল্পনার মর্মবাণী 'প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ , নাগরিক ক্ষমতায়ন' বাস্তবে রূপায়ণের লক্ষ্যে পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক উক্ত পরিকল্পনা ছক সংশ্লিষ্ট নিম্নোক্ত বিষয়বস্তুর উপর গবেষণা প্রস্তাবনা আহবান করা হচ্ছে:

| ক্রমিক নম্বর | গবেষণা ক্ষেত্র এবং উপক্ষেত্রসমূহ | |
|---|---|---|
| ১. | সামষ্টিক অর্থনৈতিক প্রেক্ষিত: কৌশলগত নির্দেশনা ও নীতি কাঠামো | |
| ১.১. | আর্থসামাজিক প্রেক্ষাপট | অর্থনৈতিক প্রবৃদ্ধি , অর্থনৈতিক রূপান্তর ও কর্মসৃজন, কাঠামোগত পরিবর্তন ও অর্থনৈতিক রূপান্তর, কর্মসংস্থান ও শ্রমের উৎপাদনশীলতা, দারিদ্র্য ও আয় বৈষম্য নিরসন, দারিদ্র্য নিরসন, চরম দারিদ্র্য মোকাবেলার কৌশল, আয় বৈষম্য, মানব সম্পদ উন্নয়ন , পরিবেশ ও জলবায়ু পরিবর্তন , দুর্যোগ ব্যবস্থাপনা এবং মোকাবেলা কৌশল, অবকাঠামো উন্নয়ন , গর্ভন্যান্স |
| ১.২. | জেন্ডার ক্ষমতায়ন, সামাজিক অন্তর্ভুক্তি ও সামাজিক সুরক্ষা | জেন্ডার সমতা , সামাজিক ও অর্থনৈতিক অন্তর্ভুক্তি , সামাজিক সুরক্ষা , সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা, মূল্যস্ফীতি ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, বহিঃখাত ব্যবস্থাপনা |
| ১.৩. | দরিদ্রমুখী ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির প্রবর্ধন-কৌশল | প্রবৃদ্ধি ও কাঠামোগত রূপান্তর , প্রবৃদ্ধির উৎস, প্রবৃদ্ধি চালক ও মূলধন দক্ষতা , মূলধন সঞ্চয়ন, শ্রমশক্তির ভূমিকা, মোট ফ্যাক্টর উৎপাদনশীলতা (টিএফপি), প্রতিষ্ঠান বিনির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই প্রবৃদ্ধি, অংশগ্রহণ ও অংশীদারিত্বের জন্য নাগরিক ক্ষমতায়ন , দারিদ্র্য নিরসনঃ চরম দরিদ্র, আন্তর্জাতিক শ্রমের চাহিদা অনুযায়ী দক্ষতা উন্নয়ন |
| ১.৪. | সরকারি বিনিয়োগ কর্মসূচি ও এর অর্থায়ন | বিনিয়োগ কর্মসূচির জন্য সার্বিক সম্পদ কাঠামো , সরকারি খাত ব্যয়ের অর্থায়ন , পরিকল্পনার অধীনে রাজস্ব সমাবেশ, আর্থিক ঘাটতি ও অর্থায়ন ও বিকল্প রাজস্ব ভাবনা, ঋণ ব্যবস্থাপনা কৌশল , সরকারি বিনিয়োগে অগ্রাধিকার কৌশল ও বিকল্প ভাবনা, ব্যালান্স অব পেমেন্ট এবং বিনিময় হার ব্যবস্থাপনা , আর্থিক সেবা খাত ও এর উন্নয়ন কৌশল, আর্থিক সেবা খাতের ঝুঁকি ও অনিশ্চয়তা , পশ্চাৎপদ অঞ্চলের সমস্যা মোকাবেলা, জেলা পর্যায়ে অসমতা, সদ্য অঙ্গীভূত ছিটমহলের উন্নয়ন |
| ১.৫. | পরিবীক্ষণ ও মূল্যায়ন | ফলাফল-ভিত্তিক এমঅ্যান্ডই ব্যবস্থা, প্রাতিষ্ঠানিক কাঠামো ও আরবিএমঅ্যান্ডই ইউনিটের |

| | | |
|---|---|---|
| | (এমঅ্যান্ডই) | জন্য প্রাতিষ্ঠানিক বিন্যাস, উন্নয়ন ফলাফল কাঠামো (ডিএফআর) |
| ১.৬. | সামাজিক অন্যান্য ক্ষেত্র | জঙ্গিবাদ, সামাজিক ও মানসিক স্বাস্থ্য, শিশুর নৈতিক ও সামাজিক মূল্যবোধ, শিশোর বয়সের আচরণের বিচ্যুতিমূলক গ্যাং সংস্কৃতি, সামাজিক আইন ও নীতি ব্যবস্থাপনা, গ্রাম ও শহর সমাজে নারীর প্রতি সহিংসতা |
| ২. | খাত উন্নয়ন কৌশল | |
| ২.১. | খাত ১ ও ২ : সাধারণ জনসেবা এবং জনশৃংখলা ও নিরাপত্তা | বিচার বিভাগ সংস্কার, জন প্রশাসন সামর্থ্য ও সংস্কার, জনশৃংখলা ও নিরাপত্তা এবং সুরক্ষা, স্বাস্থ্য বিভাগ সংস্কার |
| ২.২. | খাত ৩ : শিল্প ও অর্থনৈতিক সেবা | পণ্যের বহুমুখীকরণসহ টেকসই রপ্তানি প্রবৃদ্ধি , বাংলাদেশের শুল্ক ব্যবস্থা র সংস্কার/পুনর্গঠন প্রেক্ষিত ও পরিকল্পনা, ‘ইনপুট-আউটপুট’ শুল্ক কাঠামো , নন-ফ্যাক্টর রপ্তানি সেবা খাতের আধুনিকায়ন , সেবা খাতে বেসরকারি বিনিয়োগ বাড়াতে প্রণোদনা নীতিমালা পর্যালোচনা, প্রধান প্রধান সেবা খাত অবকাঠামোতে সরকারি বিনিয়োগ পর্যালোচনা, সেবা শিল্পের জন্য দক্ষতা শক্তিশালীকরণ , সেবামানের উন্নতি, সেবাখাতে আউটসোসিং, জননিরাপত্তা বৃদ্ধি , কমপ্লায়েন্স বা নমনীয়তা-সংস্কৃতির প্রসার ও সেবাদাতার জবাবদিহিতা, বৈদেশিক কর্মসংস্থান সংশ্লিষ্ট রিক্রুটমেন্ট সেবা পরিবীক্ষণ ও পর্যালোচনা, সেবার গুণগতমান সহ নিরাপত্তা ও জবাবদিহিতা সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানসমূহ কর্মদক্ষতা পর্যালোচনা |
| ২.৩. | খাত ৪ : কৃষি | কৃষি খাতে ব্যক্তি উদ্যোগ্তা, জাতীয় পরিবেশগত সুরক্ষা ও জলবায়ু পরিবর্তন অভিযোজন কৌশল ও উৎপাদনশীলতা বৃদ্ধি, কৃষি বহুমুখীকরণ, মূল্য সংযোজন ও কৃষি-প্রসেসিং, উচ্চ ফলনশীল শস্যজাত প্রযুক্তি : রাষ্ট্র ও বাজার ব্যবস্থা পনা, প্রাণিসম্পদ: ডেয়রি পণ্য , অধিকতর মাংস ও ডিম উৎপাদন, রপ্তানি বাজার সম্প্রসারণ ইত্যাইদ ইবষয়ক সামাজিক ভাবনা ও কৌশল উদ্ভাবন, মৎস্য চাষ ব্যবস্থাপনার উন্নয়ন , ‘উন্নত বৃক্ষায়ন ’ ও ‘সহায়তাপুষ্ট প্রাকৃতিক বনায়ন’ বাস্তবতা ও ভবিষ্যত উপযোগিতা, সেচ, সুপেয় পানি ও নৌপরিবহণের জন্য পানিসম্পদের সুষ্ঠু ও সুষম ব্যবহার ভবিষ্যত কৌশল, বন্যা ও জলাবদ্ধতা: উপযোগিতা ও টেকস্ ভাবনা |
| ২.৪. | খাত ৫ : বিদ্যুৎ ও জ্বালানি | বিদ্যুৎ ও জ্বালানি সংশ্লিষ্ট প্রতিবন্ধকতা অপসারণ কৌশল, অবকাঠামো উন্নয়নে করণীয়, উৎপাদনমূলক খাতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধাদানে সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্কের সম্প্রসারণ ও উন্নয়ন কৌশল, জ্বালানি নিরাপত্তা নিশ্চিতে ভবিষ্যত করণীয়, জ্বালানি দক্ষতা, সংরক্ষণ ব্যবস্থাপনা এবং ভবিষ্যৎ সম্ভাবনা |
| ২.৫. | খাত ৬ : পরিবহণ ও যোগাযোগ | আধুনিক পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থাপনা, পরিবহণ ও যোগাযোগ ভবিষ্যত ও সম্ভাবনা |
| ২.৬. | খাত ৭ : স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন | স্থানীয় সরকার কাঠামো: গঠন, কার্যাবলি, এখতিয়ার, করায়ন, অর্থায়ন, বাজেট ব্যবস্থাপনা, ভবিষ্যত পরিকল্পনা, পল্লী অঞ্চলের উন্নয়নের ক্ষেত্র, খামার-বহির্ভূত কর্মসৃজন, গ্রামীণ চলিষ্ণুতা এবং পল্লী সহায়তা ইত্যাদি, গ্রামীণ অবকাঠামো, সংযোগশীলতা, পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা, কৃষি ও কর্মসৃজনমূলক উন্নয়ন কর্মসূচি |
| ২.৭. | খাত ৮ : পরিবেশ ও জলবায়ু পরিবর্তন | টেকসই অর্থনীতি ও সমাজ বিনির্মাণে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ সহ বায়ু ও পানি দূষণ হ্রাসকরণ, পরিবেশ, জলবায়ু পরবর্তন অভিযোজন ও প্রশমন বিষয়াবলি , পরিবেশ ও জলবায়ু সংরক্ষনে বিকল্প উপজীবিকার সুযোগ ও উদ্দীপনা সৃষ্টি |
| ২.৮. | খাত ৯ : গৃহায়ণ ও কমিউনিটি সুবিধাবলি | বর্ধিত নগরভিত্তিক জনসংখ্যার অনুকূলে উন্নত নাগরিক সুবিধা: ভবিষ্যত ভাবনা, টেকসই নগরায়ণ, ঘনবিন্যস্ত, পারস্পরিক সম্পর্কযুক্ত , উদ্দীপনাময়, প্রতিযোগ-সক্ষম, অন্তর্ভুক্তিমূলক ও পরিচ্ছন্ন নগর উন্নয়ন নীতি , নগর উন্নয়নে প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও জবাবদিহিতা, প্রতিষ্ঠান শক্তিশালীকরণ ও সামর্থ্য বিনির্মাণ , কমিউনিটি পর্যায়ে মৌলিক অবকাঠামো ও সুবিধাদি যেমন নিরাপদ পানি সুবিধা বন্টন, স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা, সমাজকল্যাণ, পরিবহণ ও যোগাযোগ সুবিধা , জ্বালানি, স্বাস্থ্য ও জরুরি সেবা , বিদ্যালয়, |

| | | |
|---|---|---|
| | | জন নিরাপত্তা প্রভৃতি , সরকারি সংস্থা ও স্থানীয় সরকার সংস্থার পাশাপাশি বেসরকারি খাতের অধিকতর অংশগ্রহণ: ভবিষ্যত ভাবনা, নিরাপদ এবং ঝঞ্জাটমুক্ত ফুটপাত, |
| ২.৯. | খাত ১০ : স্বাস্থ্য | সেবা বিতরণ উন্নয়নসহ বিশাল স্বাস্থ্য নেটওয়ার্কের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে বিভিন্ন উদ্ভাবনামূলক পদ্ধতি , স্বাস্থ্য সেবা বিতরণ ব্যবস্থাকে গরিব ও প্রান্তিক জনগোষ্ঠীর উপযোগি করে প্রদানের কৌশল, বেসরকারি স্বাস্থ্য সেবা ব্যবস্থার মান, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ কৌশল, তদুপরি স্বাস্থ্য কর্মে শ্রমশক্তি, অর্থায়ন, নজরদারি, ঔষধপত্র ও যন্ত্রপাতি, তথ্য ও গবেষণার অপর্যাপ্ততা সংশ্লিষ্ট বিষয়াদি , নারী ও শিশুদের জন্য পর্যাপ্ত পরিমাণে নিরাপদ ও পুষ্টিকর খাদ্য : উন্নয়ন ভাবনা, জনসংখ্যা ও পরিবার পরিকল্পনা সেবা, স্বাস্থ্যসেবা বিকেন্দ্রিকরণ, ঔষধের মান নিয়ন্ত্রণ |
| ২.১০. | খাত ১১ : শিক্ষা ও প্রযুক্তি | প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ শিক্ষা , পেশাগত ও কারিগরি শিক্ষা , মাদরাসা শিক্ষা, ইংরেজি মাধ্যম ও ভার্সন শিক্ষা, উপানুষ্ঠানিক শিক্ষা, কর্মসংস্থানের জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ , জীবনধারণ নৈপুণ্য প্রশিক্ষণ কর্মসূচি, সুসমন্বিত বিজ্ঞান শিক্ষা, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীসহ নারী, শিশু ও অসমর্থ মানুষের উন্নয়ন, গুণগত মানোন্নয়ন, শিক্ষকদের সামর্থ্য বৃদ্ধি, শিক্ষা কার্যক্রমে আইসিটি ব্যবহার সুবিধা , সরকারি ও বেসরকারিভাবে প্রদত্ত শিক্ষা বিষয়ক বিভিন্ন সেবা সহজলভ্যকরণ প্রক্রিয়া , শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকের গুণগতমান , শিখন-শেখানো কার্যক্রম, শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং মূল্যায়ন, শিক্ষা কার্যক্রমের মাধ্যমে নৈতিক ও মানবিক গুণ বিকাশ, শিশু সুরক্ষা |
| ২.১১. | খাত ১২ : বিনোদন, সংস্কৃতি ও ধর্ম | মানব সম্পদ উন্নয়নের জন্য মানসিক ও শারীরিক সুস্থতা বিধানে ক্রীড়া, সংস্কৃতি, ধর্ম সহ বিনোদন |
| ২.১২. | খাত ১৩ : সামাজিক সুরক্ষা | দরিদ্র ও অরক্ষিত জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা , বিভিন্ন বিচ্যুতি দূরীভূতকরণ, উদ্দিষ্ট গোষ্ঠীর সঠিক চিহ্নিতকরণ, সুবিধা প্রদানের গড় মূল্য বৃদ্ধি, গরিব ও অরক্ষিত জনগোষ্ঠীর ঝুঁকি হ্রাস, দারিদ্র্য নিরসন, আয় বৈষম্য হ্রাসে সহায়তা এবং সামাজিক পুঁজি বিনির্মাণ কার্যাবলি, খাদ্য নিরপত্তা :অ্যাকশন এজেন্ডা, দুর্যোগ ব্যবস্থাপনার সামগ্রিক লক্ষ্য হলো গরিবদের স্থিতিস্থাপকতা বিনির্মাণসহ ভূ-জলীয় আবহাওয়া , পরিবেশগত অভিঘাত , মনুষ্যসৃষ্ট দুর্যোগ , প্রকাশমান ঝুঁকি ও জলবায়ু সংশ্লিষ্ট চরম আঘাতজনিত ভঙ্গুরতা , জাতি-বর্ণ-ধর্ম-গোত্র-মত বা বৃত্তি নির্বিশেষে সকল নাগরিকের জন্য সম অধিকার ও সমান সুযোগ: বাস্তবতা ও ভবিষ্যত করণীয় |

০২। উপরে বর্ণিত গবেষণা ক্ষেত্রসমূহ ও সংশ্লিষ্ট উপক্ষেত্র বিস্তারিতভাবে বিন্যস্ত করা হয়েছে। গবেষক/ গবেষণা প্রতিষ্ঠান যে কোনো একটি উপক্ষেত্র (ক্রমিক নম্বরসহ) নির্বাচন করে বাংলা অথবা ইংরেজি ভাষায় গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবে।

০৩। ‘সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭’ এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণ করে গবেষণা প্রস্তাব দাখিলে আগ্রহী গবেষক/গবেষণা প্রতিষ্ঠানকে আবেদন করতে হবে। সামাজিকবিজ্ঞান গবেষণা নীতি ও কৌশল-২০১৭ এর বিস্তারিত বিবরণ (www.plandiv.gov.bd/ssrc research guideline) এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৪। গবেষণা প্রস্তাব দাখিলের সর্বশেষ তারিখ: ২১ মে, ২০১৭ খ্রি.।

(ড. উত্তমকুমার দাশ)
সহকারী পরিচালক (উপসচিব)
ফোন: ৯১১৮৭২৬